শেখ হাসিনার উদ্যোগ ঘরে ঘরে বিদ্যুৎ

মুজিব বর্ষ ১০০

# দিনাজপুর পল্লী বিদ্যুৎ সমিতি-২

জয়নগর,চন্ডিপুর,ফুলবাড়ী,বিরামপুর, দিনাজপুর।

ISO 9001:2015 Certified

মোবাইল নং-০১৭৬৯৪০১১২৮
ই-মেইল-dpbstwo@gmail.com
ওয়েব সাইট- www pbs2.dinajpur.gov.bd

স্মারক নং-২৭.১২.২৭৩৮.৫৪৪.০২.০০৮.২২. ৪৭০৬

তারিখঃ ৩০ কার্তিক, ১৪২৯ বঙ্গাব্দ।
১৫ নভেম্বর, ২০২২ খ্রিস্টাব্দ।

## ''আন্তঃ পবিস নিয়োগ বিজ্ঞপ্তি''

দিনাজপুর পল্লী বিদ্যুৎ সমিতি-২ এ লাইন টেকনিশিয়ান পদে শূণ্য পদের বিপরীতে নিয়োগ/প্যানেলের গঠনের নিমিত্ত বিভিন্ন পল্লী বিদ্যুৎ সমিতিতে কর্মরত কর্মচারী যারা পবিস নির্দেশিকা ৩০০-০৮, ৩০০-১৪, ৩০০-২৪ এর আলোকে পদোন্নতি/নিয়োগের যোগ্যতা অর্জন করেছেন তাদের নিকট হতে সাদা কাগজে স্বহস্তে লিখিত দরখাস্ত আহবান করা যাচ্ছে।

### পদের নামঃ ''লাইন টেকনিশিয়ান''

**প্রার্থীর যোগ্যতাঃ-**

(ক) এস.এস.সি বা সমমানে (বিজ্ঞান বিভাগের অগ্রাধিকার) এবং লাইনম্যান গ্রেড-১ পদে নিয়মিত হিসেবে ০৩ (তিন) বছরের অভিজ্ঞতা থাকতে হবে। মোট চাকুরীকাল ন্যূনতম ১০ (দশ) হতে হবে।

(খ) বিদ্যুৎ বিতরন সুবিধা সৃষ্টিতে লাইন নির্মাণ, রক্ষণাবেক্ষণ ও পরিচালনায় পর্যাপ্ত জ্ঞান ও অভিজ্ঞতা থাকতে হবে।

(গ) পবিস নির্দেশিকা ৩০০-০৮ অনুযায়ী লাইনম্যান ট্রেনিং সমাপ্ত হতে হবে।

(ঘ) বৈদ্যুতিক লাইন, স্টেকিং শীট, বাপবিবোর্ডের নির্মাণ নীতিমালাসহ জরুরী প্রাথমিক চিকিৎসায় প্রশিক্ষণ ও পর্যাপ্ত জ্ঞান থাকতে হবে।

(ঙ) প্রার্থীকে অবশ্যই পোলের ওপর উঠা এবং পোলে উঠে কাজ করার সামর্থ্য থাকতে হবে।

(চ) লাইন ক্রুগণকে সংগঠিত ও তত্ত্বাবধান করার ক্ষমতা থাকতে হবে।

(ছ) লাইনম্যান গ্রেড-১ পদের সর্বশেষ ০৩ (তিন) বৎসরের বার্ষিক কর্মমূল্যায়নের গড় রেটিং ন্যূনতম ৩.৫০ প্রাপ্ত হতে হবে।

(জ) পবিস নির্দেশিকা ৩০০-০৮, ৩০০-১৪ ও ৩০০-২৪ অনুযায়ী সকল শর্তসমূহ পূরণ হতে হবে।

**অন্যান্য শর্তাবলীঃ-**

আবেদনকারীকে নিজের নাম, পিতার নাম, মাতার নাম, স্থায়ী ও বর্তমান ঠিকানা, জন্ম তারিখ, ধর্ম, বয়স, জাতীয়তা, শিক্ষাগত যোগ্যতা ও অভিজ্ঞতা ইত্যাদি উল্লেখ করতঃ সিনিয়র জেনারেল ম্যানেজার/জেনারেল ম্যানেজার সুপারিশ পূর্বক স্বহস্তে লিখিত আবেদনপত্রসহ **আগামী ২৩/১১/২০২২ খ্রিঃ** তারিখের মধ্যে অফিস চলাকালীন সময় দিনাজপুর পল্লী বিদ্যুৎ সমিতি-২ এর সদর দপ্তর, জয়নগর, চন্ডিপুর, ফুলবাড়ী, বিরামপুর, দিনাজপুর এ ডাকযোগে/কুরিয়ার/স্বশরীরে উপস্থিত হয়ে আবেদনপত্র প্রেরণ করতে হবে। **উল্লেখ্য যে, প্রয়োজনীয় শূন্য পদের সংখ্যা বিবেচনায় জ্যেষ্ঠতা অনুসারে সীমিত সংখ্যক প্রার্থীকে নির্বাচনী পরীক্ষায় অংশগ্রহণের জন্য আহবান করা হবে। প্রার্থীকে নির্বাচনী পরীক্ষার সময় সশরীরে উপস্থিত হয়ে অংশগ্রহণ করতে হবে। নির্বাচনী পরীক্ষার তারিখ ও সময় পরবর্তীতে জানানো হবে।**

**আবেদন পত্রে নিম্নোক্ত কাগজপত্র/দলিলাদি সংযুক্ত করতে হবেঃ**

(ক) সম্প্রতি তোলা পাসপোর্ট সাইজের ২ (দুই) কপি সত্যায়িত রঙ্গিন ছবি।

(খ) বিগত ০৩ (তিন) বছরের কর্মমূল্যায়ন প্রতিবেদনের সত্যায়িত ফটোকপি।

(গ) শিক্ষাগত যোগ্যতার ও অভিজ্ঞতার সনদপত্রের সত্যায়িত ফটোকপি।

(ঘ) ইউনিয়ন পরিষদ/পৌরসভার চেয়ারম্যান কর্তৃক প্রদত্ত নাগরিকত্ব সনদের সত্যায়িত ফটোকপি।

(ঙ) সিনিয়র জেনারেল ম্যানেজার/জেনারেল ম্যানেজারের সুপারিশ, বিনা আপত্তির সনদপত্র এবং প্রার্থীর বিরুদ্ধে বিগত ০৫ বৎসরের কোন প্রকার শাস্তিমূলক ব্যবস্থা গ্রহণ করা হয়েছে কিনা এবং কোন প্রকার তদন্ত প্রক্রিয়াধীন আছে কিনা তার প্রত্যয়নপত্র আবেদন পত্রের সাথে দাখিল করতে হবে।

(চ) সংশোধিত পবিস নির্দেশিকা ৩০০-২৪ মোতাবেক যে সকল প্রার্থী নিম্নবর্ণিতভাবে (১ হতে ৮ পর্যন্ত) দন্ড প্রাপ্ত হয়েছেন তাদের আবেদন করার প্রয়োজন নাই।

(১) সর্বশেষ ০৩ (তিন) বছর কোনরূপ গুরুদন্ড প্রাপ্ত হয়েছেন।

(২) সর্বশেষ ০১ (এক) বছর কোনরূপ লঘুদন্ড প্রাপ্ত হয়েছেন।

(৩) বিগত ০৫ (পাঁচ) বছরের ভিতর একের অধিক বার গুরুদন্ড প্রাপ্ত হয়েছেন।

(৪) বিগত ০৪ (চার) বছরের ভিতর একবার গুরুদন্ড এবং একবার লঘুদন্ড প্রাপ্ত হয়েছেন।

(৫) বিগত ০৩ (তিন) বছরের ভিতর একের অধিকবার লঘুদন্ড প্রাপ্ত হয়েছেন।

(৬) পদোন্নতির জন্য ০৩ (তিন) বার মৌখিক নির্বাচনী পরীক্ষায় অংশগ্রহণ করে অকৃতকার্য হওয়ার ফলে পদোন্নতি কমিটির সিদ্ধান্ত অনুযায়ী অযোগ্য বিবেচিত/ঘোষিত হয়েছেন।

(৭) বর্তমানে বিভাগীয় তদন্ত অর্থাৎ চার্জশীটের আওতায় তদন্ত প্রক্রিয়াধীন সময়কাল কোন কর্মচারী পদোন্নতির জন্য বিবেচিত হবেন না। উল্লেখ্য যে, বিভাগীয় কার্যক্রম অবসানের পর কোনরূপ দন্ডপ্রাপ্ত না হলে বিভাগীয় কার্যক্রমে অতিবাহিত সময় পরিচ্ছন্ন চাকুরীকাল হিসেবে গণ্য হবে।

(৮) কোন কর্মচারীর বিরুদ্ধে দপ্তর কর্তৃক দায়েরকৃত ফৌজদারী মামলা চলমান থাকলে তিনি তৎসময়ে পদোন্নতির জন্য বিবেচিত হবেন না। উল্লেখ্য যে, উক্ত কার্যক্রম অবসানের পর কোনরূপ দন্ডপ্রাপ্ত না হলে বিভাগীয় কার্যক্রম অতিবাহিত সময়ে পরিচ্ছন্ন চাকুরীকাল হিসেবে গন্য হবে।

(ছ) পদোন্নতির ক্ষেত্রে জেলা কোটা প্রযোজ্য নয়। তবে দিনাজপুর জেলায় স্থায়ীভাবে বসবাসকারীদের আবেদন করার প্রয়োজন নাই।

(জ) নির্বাচিত প্রার্থীকে প্রাথমিক অবস্থায় ০১ (এক) বৎসরের জন্য ''চলতি দায়িত্ব'' প্রদান করা হবে। ''চলতি দায়িত্বে'' থাকা কালীন কর্মমূল্যায়ন সন্তোষজনক ও অন্যান্য প্রয়োজনীয় শর্তাবলী প্রতিপালন সাপেক্ষে চাকুরী নিয়মিত করা হবে।

(ঝ) পবিস নির্দেশিকা/সার্কুলার মোতাবেক বেতন ভাতাদি প্রদান করা হবে।

(ঞ) কেউ তথ্য গোপন করে নিয়োগ প্রাপ্ত হলে তার বিরুদ্ধে কোন প্রকার তদন্ত ব্যতিরেকেই তাৎক্ষণিকভাবে বরখাস্তকরণসহ দেশের প্রচলিত আইনানুযায়ী ব্যবস্থা নেয়া হবে।

(ট) অত্র সমিতির সমিতি বোর্ড পরিচালক/মহিলা পরিচালকবৃন্দের স্বামী/স্ত্রী অথবা রক্তের সর্ম্পকীয়দের আবেদন করার প্রয়োজন নাই।

(ঠ) যে কোন আবেদনপত্র এবং নিয়োগ বিজ্ঞপ্তি বাতিল করার ক্ষমতা সমিতি কর্তৃপক্ষ কর্তৃক সংরক্ষিত।

(ড) শর্তাবলীতে উল্লেখ নাই এমন কোন বিষয়ে জটিলতা সৃষ্টি হলে পবিস কর্তৃপক্ষের সিদ্ধান্ত চূড়ান্ত বলে বিবেচিত হবে।

(ঢ) নির্বাচনী পরীক্ষায় অংশগ্রনের জন্য প্রার্থীকে কোন প্রকার টিএ/ডিএ প্রদান করা হবে না।

১৫.১১.১৮

(মোঃ শহীদ উদ্দিন)
জেনারেল ম্যানেজার (চঃদাঃ)।

অনুলিপিঃ (সদয় অবগতির জন্য)।

০১। নির্বাহী পরিচালক, বাপবিবো, ঢাকা।
০২। পরিচালক, পবিস মানব সম্পদ/পবিস মনিটরিং ও ব্যঃ পঃ (উঃ অঃ) পরিদপ্তর, বাপবিবো, ঢাকা।
০৩। সিনিয়র সিস্টেম এনালিস্ট, আইসিটি পরিদপ্তর, বাপবিবো, ঢাকা (বাপবিবোর্ডের ওয়েব সাইটে প্রকাশের প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহনের জন্য অনুরোধসহ)।
০৪। সিনিয়র জেনারেল ম্যানেজার/জেনারেল ম্যানেজার ............পবিস-1/2/3/4 (বিজ্ঞপ্তিটি নোটিশ বোর্ডের মাধ্যমে বহুল প্রচারের অনুরোধসহ)।
০৫। ডিজিএম,কারিগরি সদর দপ্তর/পার্বতীপুর/নবাবগঞ্জ/ঘোড়াঘাট জোনাল অফিস, দিনাজপুর পবিস-২।
০৬। এজিএম (ওএন্ডএম),হিলি/আমবাড়ী সাব-জোনাল অফিস, দিনাজপুর পবিস-২।
০৭। এজিএম (ওএন্ডএম/ ইএন্ডসি/এমএস/অর্থ-রাজস্ব/অর্থ-হিসাব/প্রশাসন/মানবসম্পদ/আইটি), দিনাজপুর পবিস-২।
০৮। অফিস কপি/ মাস্টার কপি/নোটিশ বোর্ড।

১৫.১১.১৮

(মোঃ শহীদ উদ্দিন)
জেনারেল ম্যানেজার (চঃদাঃ)।